



আইনশৃঙ্খলা সামলাতে ব্যর্থ সরকার: আসিফ মাহমুদ



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেছেন, স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্য ও কর্মকাণ্ড দেখে মনে হচ্ছে তিনি প্রধানমন্ত্রী হওয়ার চিন্তায় আছেন। অথচ দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণেই তিনি ব্যর্থ হচ্ছেন বলে মন্তব্য করেন তিনি।

বৃহস্পতিবার (২১ মে) ময়মনসিংহে “তারুণ্যের বাজেট ভাবনা ও গণভোট বাস্তবায়ন” শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন আসিফ মাহমুদ।

তিনি বলেন, দেশে সীমান্ত হত্যা, ধর্ষণ, শিশু নির্যাতন ও হত্যার ঘটনা বেড়ে যাচ্ছে। নির্বাচিত সরকার এলেও মানুষের নিরাপত্তা পরিস্থিতির উন্নতি হয়নি। নারীরাও এখন বাইরে চলাফেরায় আতঙ্কে থাকছেন বলে দাবি করেন তিনি।

সরকারের সমালোচনা করে আসিফ মাহমুদ বলেন, বিএনপি সরকার গণঅভ্যুত্থানের প্রত্যাশা ও নিজেদের ঘোষিত প্রতিশ্রুতির বাস্তবায়নে ব্যর্থ হয়েছে। পাশাপাশি প্রশাসনের ভেতরে সমন্বয়হীনতা ও জ্বালানি সংকট মোকাবেলায়ও সরকারের ব্যর্থতার অভিযোগ করেন তিনি।

সেমিনারে সভাপতিত্ব করেন জাতীয় ছাত্রশক্তি ময়মনসিংহ জেলার আহ্বায়ক আলী হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন সদস্যসচিব মাজহারুল ইসলাম রানা। এতে স্থানীয় ও কেন্দ্রীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।